

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৩, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মুসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি শাখা]
[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ০৩ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP) কর্তৃক কক্সবাজার জেলায়
মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিনামূল্যে বিস্কুট ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য
সংযোজন কর (মুসক) অব্যাহতি প্রদান।

নং ৩/মুসক/২০২২ —যেহেতু, বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP)
স্থানীয় উৎপাদকের নিকট হতে বিস্কুট ক্রয়পূর্বক কক্সবাজার জেলায় বিভিন্ন কার্যক্রমে বিনামূল্যে বিতরণ
করবে; এবং

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচী এর মধ্যে সম্পাদিত চুক্তিতে
বিধি ও পদ্ধতি অনুসরণে দেশের অভ্যন্তরে স্থানীয়ভাবে ক্রয়কৃত খাদ্য সামগ্রীর উপর আরোপণীয়
স্থানীয় করাদি সরকার মওকুফ করবে মর্মে শর্ত রয়েছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, এর
ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, WFP এর ১২ জানুয়ারি, ২০২২
খ্রিষ্টাব্দ তারিখের পত্র নং-VAT/01/2022 অনুসারে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে WFP
এর সম্পাদিত চুক্তির আওতায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের নামের বিপরীতে প্রতিক্ষেত্রে
বর্ণিত পরিমাণ বিস্কুট সরবরাহের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে আরোপণীয় মূল্য সংযোজন কর (মুসক)
হতে অব্যাহতি প্রদান করা হলো, যথা:—

(৫৬০৭)

মূল্য : টাকা ৪.০০

সূত্র	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠান/ফ্যাক্টরীর ঠিকানা	সরবরাহকৃত বিস্কুটের পরিমাণ (মেঃ টন)
4500080390	Diamond Food & Beverage Limited	Gorai, Mirzapur, Tangail	300.00
4500080391	Central Marketing Company	Ramnagar, Jashore	460.00
Total Quantity			760.00 (সাতশত ষাঁট)

০২। উল্লেখ্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান তৎকর্তৃক সরবরাহকৃত বিস্কুট উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে না। এ অব্যাহতি সুবিধা গ্রহণকারী বিস্কুট উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন
প্রথম সচিব (মূসক নীতি)।